**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-২
www.rdcd.gov.bd

নম্বর: ৪৭.০০.০০০০.০০০.০৩২.১৮.০০৪৩.২৫.১৯৯

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ / ০৮ এপ্রিল ২০২৬

## সংশোধিত পরিপত্র

**বিষয়: বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড বা সমবায় প্রতিষ্ঠানের সকল প্রকার জমি হস্তান্তর।**

স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড বা সমবায় প্রতিষ্ঠানের সকল প্রকার জমি হস্তান্তরে উদ্ভুত সমস্যা ও জটিলতা নিরসনকল্পে এ বিভাগ কর্তৃক জারিকৃত ১৭.০৭.২০১২ তারিখের ৪৭.০২৩.০৬১.০২৭.৭৪.২০১২-২৪১(৯) নম্বর পরিপত্রটির অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত কমিটি সংযোজন করে সংশোধিত আকারে জারি করা হলো:

**(ক) কমিটির গঠন:**

| ক্রমিক নম্বর | কর্মকর্তাদের ঠিকানা | কমিটিতে পদবি |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা | আহ্বায়ক |
| ০২. | যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্মনিবন্ধক (মার্কেট, ক্রেডিট, মহিলা ও বি দল) সমবায় অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪. | সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ০৫. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন শাখা-২) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য সচিব |

**(খ) কমিটির কর্মপরিধি:**

(i) সমিতি কর্তৃক দাখিলকৃত জমি বিক্রয় সংক্রান্ত আবেদন পর্যালোচনা ;
(ii) সমিতির নিবন্ধন সনদ যাচাই;
(iii) সমিতির সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদন এবং হিসাব বিবরণী পর্যালোচনা ;
(iv) সমিতির জমি বিক্রয়ের সিদ্ধান্ত সংক্রান্ত বার্ষিক সাধারণ সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী পর্যালোচনা;
(v) 'জমি বিক্রির সিদ্ধান্ত সংক্রান্ত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পর্যালোচনা';
(vi) জমির মূল্য নির্ধারণ সংক্রান্ত সাব-কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(vii) 'জমির সর্বশেষ বাজার মূল্য পর্যালোচনার সাথে 'জমির সম্ভাব্য প্রকৃত বাজার মূল্য পর্যালোচনা;
(viii) জমির কর পরিশোধ রশিদ, খতিয়ান, মাঠ পরচা এবং জমির আমমোক্তার দলিল পর্যালোচনা;
(ix) জমির ক্রয়/মালিকানা দলিল, নামজারি/জমা খারিজের কপি, ভূমি উন্নয়ন কর/দাখিলার কপি, জমির স্কেচ ম্যাপ ও পরিমাণ যাচাই;
(x) সমিতির সদস্যদের তালিকা যাচাই;
(xi) জমির বর্তমান সম্ভাব্য বাজার মূল্য সংক্রান্ত জমি বিক্রয় কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(xii) পত্রিকায় প্রকাশিত জমি বিক্রয় বিজ্ঞপ্তির কপি, জমিতে স্থাপিত জমি বিক্রয় বিজ্ঞপ্তির স্থিরচিত্র যাচাই;
(xiii) তর্কিত জমি অর্পিত/খাস/পরিত্যক্ত সম্পত্তিভুক্ত নয় এবং মামলা/মোকদ্দমা নেই মর্মে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন যাচাই;
(xiv) সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি)-এর সুপারিশপত্র যাচাই; এবং

(চলমান পাতা-২)

**(XV)** জমি বিক্রির বিষয়ে বার্ষিক সাধারণ সভায় সমিতির সদস্যবৃন্দ উপস্থিত থাকার বিষয়ে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার অথবা দায়িত্বপ্রাপ্ত সমবায় অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন যাচাই এবং বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর ভিডিও এবং স্থিরচিত্র ধারণ করে প্রস্তাবের সঙ্গে এ বিভাগে প্রেরণ।

০২। গঠিত কমিটি উপরিউক্ত বিষয় যাচাই/পর্যালোচনা করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় বরাবর সুপারিশ দাখিল করবেন।

০৩। প্রাপ্ত সুপারিশের আলোকে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সমবায় অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৮/০৪/২৬

(কল্যাণ চৌধুরী)
উপসচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৫৫৬৩
e-mail: admin2.section@rdcd.gov.bd

নম্বর: ৪৭.০০.০০০০.০০০.০৩২.১৮.০০৪৩.২৫.১৯৯/১(১৯)

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ / ০৮ এপ্রিল ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), কারওয়ান বাজার, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা;
০৫. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া;
০৬. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি, গোপালগঞ্জ/রংপুর/জামালপুর;
০৭. যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য);
০৯. মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৯/ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
১০. মহাব্যবস্থাপক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড, তেজগাঁও, ঢাকা;
১১. যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা;
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
১৫. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৬. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৭. জেলা সমবায় কর্মকর্তা (সকল);
১৮. অফিস কপি/মাস্টার কপি।

০৮/০৪/২৬

(কল্যাণ চৌধুরী)
উপসচিব